সংবাদ

তারিখ ... 04-OCT-2017 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৬ ......

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেরা ৭৬৮ কলেজ

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় বিশ্ববিদ্যালয় (জাবি) অধিভুক্ত কলেজের মধ্যে সেরা ৭৬৮টি কলেজের নাম ঘোষণা করা হয়েছে। জাবির দাবি-'এই র‍্যাংকিং কলেজসমূহের মধ্যে ইতিবাচক প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি করে শিক্ষার সার্বিক মানোন্নয়নে ভূমিকা রাখবে।' গতকাল দ্বিতীয়বারের মতো স্নাতক (সম্মান) ও মাস্টার্স কলেজের মধ্যে এই র‍্যাংকিং প্রকাশ করে জাবি কর্তৃপক্ষ, যার নাম কলেজ র‍্যাংকিং ২০১৬।

জাতীয় পর্যায়ে সেরা পাঁচ কলেজের তালিকায় এবারও প্রথম হয়েছে রাজশাহী কলেজ। এ কলেজের মোট স্কোর ৬৮.১৬। দ্বিতীয় সরকারি এডওয়ার্ড কলেজ (৬৪.৩২), তৃতীয় সরকারি কারমাইকেল কলেজ (৬৪.০৫), চতুর্থ সরকারি বিএম কলেজ (৬৩.৯৩) এবং ৬৩.৭০ স্কোর নিয়ে পঞ্চম হয়েছে বগুড়ার সরকারি আজিজুল হক কলেজ। র‍্যাংকিংয়ের জন্য মোট ৩১টি সূচকে ১০০ নম্বর বরাদ্দ ছিল। এছাড়া এবার সেরা বেসরকারি কলেজ ঢাকা কমার্স কলেজ ও সেরা মহিলা কলেজ হয়েছে রাজধানীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজ।সারাদেশে জাবির অধিভুক্ত অনার্স ও মাস্টার্স কোর্স পরিচালনাকারী কলেজ জাতীয় : পৃষ্ঠা : ২ ক : ৬

## জাতীয় : বিশ্ববিদ্যালয়ের

(১৬ পৃষ্ঠার পর)

রয়েছে দুই হাজার ২০০টি। রাজধানীর ধানমন্ডিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নগর কার্যালয়ে গতকাল এক সংবাদ সম্মেলনে জাবি উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ 'জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ র‍্যাংকিং ২০১৬'- ঘোষণা করে জানান, কলেজের অবকাঠামো, শিক্ষার পরিবেশ, শিক্ষকদের মান, পরীক্ষার ?ফলাফল, গ্রন্থাগারের সংগ্রহ, আইসিটি সাপোর্ট, সহপাঠ কার্যক্রম ইত্যাদি র‍্যাংকিংয়ের বিবেচ্য ছিল। সংবাদ সম্মেলনে অন্যানের মধ্যে জাবির ট্রেজারার অধ্যাপক নোমান-উর রশিদ উপস্থিত ছিলেন।

ঢাকা-ময়মনসিংহ অঞ্চল

ঢাকা কমার্স কলেজ (বেসরকারি) (৬৩.২৮), সিদ্ধেশ্বরী গালর্স কলেজ (বেসরকারি) (৬০.৮১), লালমাটিয়া মহিলা কলেজ (বেসরকারি) (৫৯.৬২), তেজগাঁও কলেজ (বেসরকারি) (৫৯.৫১), আদমজী ক্যান্টনমেন্ট কলেজ (বেসরকারি) (৫৮.৩৯), ফরিদপুরের সরকারি রাজেন্দ্র কলেজ (৫৭.৯), মাদারীপুরের নুরুল আমীন ডিগ্রি কলেজ (বেসরকারি) (৫৭.৬৪), ঢাকার হাবিবুল্লাহ বাহার কলেজ (বেসরকারি) (৫৭.৫৫)।

### চট্টগ্রাম অঞ্চল

ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ (৬২.৮৩), কুমিল্লার সরকারি ভিক্টোরিয়া কলেজ (৫৯.০০), চট্টগ্রাম সরকারি সিটি কলেজ (৫৮.৯৭), চট্টগ্রাম সরকারি কলেজ (৫৮.১৯), ফেনী সরকারি কলেজ (৫৬.৫২), চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ (৫৬.৩৮), নোয়াখালী সরকারি মহিলা কলেজ (৫৪.৮৩), পটিয়া সরকারি কলেজ (৫৪.৬২); চট্টগ্রামের সরকারি হাজী মুহাম্মদ মুহসীন কলেজ (৫২.০৬), কুমিল্লা সরকারি মহিলা কলেজ (৫১.১৫)।

### বরিশাল অঞ্চল

বরিশালের সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ (৬৩.৯৫), সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ (৫৪.৮২), ভোলা সরকারি কলেজ (৫২.৪১), আবদুল করিম মৃধা কলেজ (বেসরকারি) (৫১.৭২), ঝালকাঠি সরকারি কলেজ (৪৯.৭৬), ভোলা কলেজ (৪৮.৯৬), বরিশাল সরকারি মহিলা কলেজ (৪৮.৬৮), পটুয়াখালী সরকারি কলেজ (৪৭.৫১), ভোলার ফজিলাতুননেসা সরকারি কলেজ (৪৬.৭), পিরোজপুরের সোহরাওয়ার্দী সরকারি কলেজ (৪৫.৮) সেরা স্থান অর্জন করেছে।

### রাজশাহী অঞ্চল

রাজশাহী কলেজ (৬৮.১৩), পাবনার সরকারি এডওয়ার্ড কলেজ (৬৪.৩২), বগুড়ার সরকারি আজিজুল হক কলেজ (৬৩.৭), সিরাজগঞ্জ সরকারি কলেজ (৫৬.৮২), বগুড়ার সৈয়দ আহমদ কলেজ (বেসরকারি) (৫৪.৯৪), নাটোরের এনএস সরকারি কলেজ (৫৪.৮৯), বগুড়ার সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ (৫৪.৩৭), রাজশাহীর নিউ গভর্নমেন্ট ডিগ্রি কলেজ (৫২.২৮), চাঁপাইনবাবগঞ্জ সরকারি কলেজ (৫১.৮৪), রাজশাহী মহিলা কলেজ (৪৯.৯৬)।

### খুলনা অঞ্চল

যশোরের সরকারি এমএম কলেজ (৬০.২৯), সাতক্ষীরার আশাশুনি কলেজ (বেসরকারি) (৪৯.৪৮), খুলনার সরকারি বিএল কলেজ (৫৯.৪২), সাতক্ষীরার কুমিরা মহিলা ডিগ্রি কলেজ (বেসরকারি) (৫৯.২৮) ও সীমান্ত আদর্শ কলেজ (বেসরকারি) (৫৬.৮২), কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ (৫৬.৭), যশোর ক্যান্টনমেন্ট কলেজ (৫৪.৬৮), বাগেরহাটের বেলায়েত হোসেন ডিগ্রি কলেজ (৫৩.৭৯), যশোরের সরকারি মহিলা কলেজ (৫২.৩), মেহেরপুর সরকারি কলেজ (৫১.৯৮)।

### সিলেট অঞ্চল

সিলেটের এমসি কলেজ (৫৯.২১), হবিগঞ্জের বৃন্দাবন সরকারি কলেজ (৫৮.৯৬), সিলেট সরকারি মহিলা কলেজ (৫৬.৮৬),, মৌলভীবাজার সরকারি কলেজ (৫২.৭২), সুনামগঞ্জ সরকারি কলেজ (৫১), সিলেটের মদনমোহন কলেজ (বেসরকারি) (৫০.৭৪)।

### রংপুর অঞ্চল

রংপুর সরকারি কারমাইকেল কলেজ (৬৪.০৫); দিনাজপুর সরকারি কলেজ (৫৮.২৩), রংপুর সরকারি কলেজ (৫৭.০৩), রংপুর সরকারি বেগম রোকেয়া কলেজ (৫৫.৫৪), লালমনিরহাটের উত্তরবাংলা কলেজ (বেসরকারি) রংপুর (৫৫.৪৬), কুড়িগ্রাম সরকারি কলেজ (৫২.৬৮), দিনাজপুরের আদর্শ কলেজ (বেসরকারি) (৫০.৮৪), গাইবান্ধা সরকারি কলেজ (৫০.০৭), নীলফামারী সরকারি কলেজ (৪৯.০৬) ঠাকুরগাঁও সরকারি কলেজ (৪৮.৯১)।